

# ২৭/০৬/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কৃষি ও সেচ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।

অধিবেশন নং -

স্থান- ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর এর কার্যালয়।

তারিখ-২৭/০৬/২০২৩ খ্রিঃ

সময় : সকাল- ১০.০০ ঘটিকা

ক্রঃ নং	নাম ও পদবী	পদবী	স্বাক্ষরিত
১	চেয়ারম্যান, ১নং মুকুন্দপুর ইউপি	সদস্য	স্বাক্ষরিত
২	চেয়ারম্যান, ৬নং জোতবানী ইউপি	সদস্য	স্বাক্ষরিত
৩	চেয়ারম্যান, ৫নং বিনাইল ইউপি	সদস্য	স্বাক্ষরিত
৪	ফিরোজ আহমেদ, উপজেলা কৃষি অফিসার, বিরামপুর	সদস্য সচিব	স্বাক্ষরিত

আলোচ্য বিষয় সমূহঃ-

- ১। খরিপ-২/২০২৩-২০২৪ মৌসুমে রোপা আমন আবাদ ও উৎপাদন।
- ২। আমন ফসল চাষাবাদে আদর্শ বীজতলা তৈরী, লাইন, লোগো, পার্চিং ও আলোক ফাঁদ এর ব্যবহার।
- ৩। বিবিধ।

অধ্যকার সভা নিম্ন স্বাক্ষরকারীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। শুরুতেই উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় এবং উপজেলা কৃষি অফিসার বিরামপুরকে আলোচ্য বিষয় সমূহ সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।

১নং খরিপ-২/২০২৩-২৪ মৌসুমে রোপা আমন আবাদ ও উৎপাদন।

উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন যে, খরিপ-২/২০২৩-২৪ মৌসুমে রোপা আমন আবাদের লক্ষ্যমাত্রা ১৭৪৪৫ হে. এবং উৎপাদন লক্ষ্যমাত্রা ৮১২০১ মে.টন নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে ৫২০ হেক্টরের বীজতলা তৈরী করা হয়েছে। বীজতলার চারার অবস্থা ভালো।


২নং আমন ফসলে আলোক ফাঁদ স্থাপন ও বাস্তবায়ন-

উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন যে, রোপা আমন ধান ফসলে উপকারী ও ক্ষতিকর পোকাকার উপস্থিতি নিরূপন ও সে মোতাবেক ব্যবস্থা গ্রহণে আলোক ফাঁদ একটি ফলপ্রসূ পদ্ধতি। এ পদ্ধতি ব্যবহার করে উপকারী ও ক্ষতিকর পোকা সনাক্ত করা যায় এবং ক্ষতিকর পোকামাকড় দমনে সঠিক সময়ে সঠিক ব্যবস্থা গ্রহণ করা যায়। ফলে উৎপাদন বৃদ্ধি পায়। আমাদের উপজেলায় সিডিউল মোতাবেক আলোক ফাঁদ করা হচ্ছে।

৩নং বিবিধ আলোচনা-

উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন যে, রবি মৌসুমে ১৫২১৫ হে. জমিতে বোরো ফসলের আবাদ হয়েছে এবং উৎপাদন লক্ষ্যমাত্রা ১০২৬১৩ মে. এর বিপরীতে ১০৮৩৪৫ মে.টন বোরো উৎপাদন হয়েছে। বোরো ধানের বাজার দর ভালো থাকায় কৃষকেরা লাভবান হয়েছেন। ধানের বাজার দর স্থিতিশীল থাকলে আগামী অর্ধবছরে আরো বোরো ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধি পাবে। খরিপ-২/২০২৩-২৪ মৌসুমে কৃষি উপকরনাদি (বীজ ও সার) প্রাপ্তির, সরবরাহ ও মূল্য স্বাভাবিক রয়েছে। বীজ ও সারের মনিটরিং জোরদার করা হয়েছে।

অতপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ সমাপ্ত ঘোষণা করা হয়।




সভাপতি

উপজেলা পরিষদ কৃষি ও সেচ বিষয়ক কমিটি

ও


ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।



তারিখ- ২৯/০৬/২০২৩ খ্রিঃ.

স্মারক নং-১২.১৮.২৭১০.০৪১.৯৯.০১৮.২৩.



অনুলিপি-সদয় অবগতির জন্যঃ

- ৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য সচিব, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
- ৬) উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি, বিরামপুর, দিনাজপুর।
- ৪-৬) চেয়ারম্যান .....ইউপি, বিরামপুর, দিনাজপুর।